



বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

তারিখ ... 03 AUG 1989 ...
পৃষ্ঠা ... ৩ ...

বিভিন্ন মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

।। স্টাফ রিপোর্টার ।।

মাধ্যমিক পর্যায়ে একই বিষয়ে তিনটি পাঠ্যবই প্রবর্তন ও বোর্ডের বই ব্যক্তি মালিকানায় দেয়ার সিদ্ধান্তের প্রতিবাদে ছাত্র সংগ্রাম পরিষদের ডাকে গতকাল বুধবার দেশের বিভিন্ন মাধ্যমিক স্কুলে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।

ধর্মঘট চলাকালে বিভিন্ন স্কুলে প্রতিবাদ সভা, বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। বিভিন্ন ছাত্র সংগঠন ধর্মঘট সফল করার জন্য সংশ্লিষ্ট সকল মহলকে অভিনন্দন জানিয়েছে।

বিবৃতি দিয়েছেন, ছাত্র ইউনিয়ন সভাপতি মোস্তাফিজুর রহমান বাবুল ও সাধারণ সম্পাদক নাসির-উদ-দুজা, জাতীয় ছাত্র লীগ ঢাকা নগর শাখার শেষ পৃষ্ঠায় ২য় কলামে

61

বিভিন্ন মাধ্যমিক শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

সভাপতি শাহজালাল ও সাধারণ সম্পাদক আশেক বান, ছাত্র মৈত্রীর সভাপতি জহির উদ্দিন রূপন ও সাধারণ সম্পাদক নূর আহমদ বকুল।

এ উপলক্ষে ছাত্রলীগ (হা-অ) তিতুমীর কলেজ শাখার উদ্যোগে এক মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সংগঠনের কলেজ শাখার সভাপতি মোজাম্মেল হোসেনের সভাপতিত্বে এ সমাবেশে বক্তব্য রাখেন নগর শাখার সাধারণ সম্পাদক মতিউর রহমান মতি।